১৩৩


দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 29 1999 ...
পৃঃ ৪ কলাম ৫


## এমপিওভুক্তির আবেদন

খুলনা জেলার কয়রা উপজেলাধীন শরিষামুট জিবি নিম্ন মাধ্যমিক আদর্শ বালিকা বিদ্যালয়টি ১৯৯৪ সালে স্থাপিত হয় এবং ২৪-১২-৯৬ তারিখে স্বীকৃতি লাভ করে। বিদ্যালয়টি অত্র অঞ্চলে নারী শিক্ষা প্রসারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতেছে। কিন্তু দুঃখের বিষয় যে, পাঁচ বৎসরের অধিক সময় পার হওয়ার পরও বিদ্যালয়টি এমপিওভুক্ত হয় নাই। ফলে বেতন-ভাতার সরকারী অংশ না পাইয়া শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারিগণ চরম আর্থিক কষ্টে দিন কাটাইতেছেন। এমতাবস্থায়, যথাশীঘ্র সম্ভব বিদ্যালয়টি এমপিভুক্ত করিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**মিসেস রাশিদা খাতুন,**
প্রধান শিক্ষিকা,
শরিষামুট জি,বি, নিম্নমাধ্যমিক,
আদর্শ বালিকা বিদ্যালয়,
শরিষামুট, কয়রা, খুলনা